# পশ্চিমবঙ্গ রবীন্দ্রমুক্ত বিদ্যালয় সংসদ

## মাধ্যমিক পরীক্ষা ডিসেম্বর, ২০২৪

## বাংলা

## (পুরাতন পাঠক্রম)

Who registered their names before June, 2023 onwards.

**সময় ঃ ৩ ঘণ্টা ১৫ মিনিট** **পূর্ণমান ঃ ৯০**

### পরীক্ষার্থীদের প্রতি সাধারণ নির্দেশ

সকল পরীক্ষার্থীকে নিজের নাম, ক্রমিক নম্বর ও নিবন্ধন নম্বর উত্তরপত্রে লিখতে হবে।

পরীক্ষার সময়ের প্রথম ১৫ মিনিট প্রশ্ন পড়ার জন্য।
প্রশ্নের উত্তর যথাযথ হওয়া দরকার।

প্রতিটি উত্তরের প্রশ্নসংখ্যা খাতায় সঠিকভাবে লিখতে হবে।

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।
বানান ভুল, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কাটা যাবে।
প্রান্তিক সংখ্যাগুলি প্রতিটি প্রশ্নের পূর্ণমান নির্দেশ করছে।

## বিভাগ-‘ক’

১। একটি পূর্ণবাক্যে *যেকোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১×৫=৫

(ক) পিতার আসনে আসি কে রাজা হল?

(খ) জীব তারা কখন খসে যেতে পারে?

(গ) ‘বাংলার মুখ আমি দেখিয়াছি’ কবিতাটি কার লেখা?

(ঘ) শামসুর রহমানের ‘স্বাধীনতা তুমি’ কবিতাটি রচনার পটভূমি কী?

(ঙ) আমরা কীভাবে এক হয়েছি, ‘কী আমাদের জাত’ কবিতাটি অবলম্বনে তা লেখো।

(চ) ‘সুদূরের আহ্বান’ কবিতায় কবি কাদের চিনতে বলছেন?

(ছ) কর্মকারের একটাই কাজ কী?

(জ) কোন ডিঙা থেকে চাঁদ চম্পার কাছে যাওয়া হয়েছিল?

২। একটিমাত্র পূর্ণবাক্যে *যেকোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১×৫=৫

(ক) কারা পড়া শেষ করে চলে গিয়েছে?

(খ) বুড়ি কীভাবে প্লাটফর্মময় ছুটোছুটি করছিল?

(গ) চোট্টি মুন্ডা কোন নদীর তীরে ঘর বাঁধল এবং নদীর পাড় কেমন ছিল?

(ঘ) ‘রথযাত্রা’ নাটকটিতে কোন ঘটনা নাট্যাকারে বর্ণিত হয়েছে?

(ঙ) রাম চাকরির জন্য দরখাস্ত পাঠালে তার মা কী করলেন?

(চ) ‘জলসত্র’ কী?

(ছ) ‘হোম শিখা’ গল্পটি কোন সময়ের কোন ঘটনা নিয়ে লেখা?

(জ) ‘মিলনের কথা’ গদ্যাংশটি আসলে কীসের জন্য লেখা হয়?

৩। কমবেশি চারটি বাক্যে *যেকোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) শ্রীমতী যখন বধূ অমিতার ঘরে গেল তখন সে কী করছিল?

(খ) মাইকেল মধুসূদন দত্ত মনুষ্য জন্ম কীভাবে সার্থক হতে পারে বলে তাঁর কবিতায় বলেছেন?

(গ) ‘সুদূরের আহ্বান’ কবিতায় কবি নিজেকে ‘ধূমকেতু’র সঙ্গে তুলনা করেছেন কেন?

(ঘ) ‘কাণ্ডারী’র সামনে কীসের প্রান্তর? সেখানে কী হয়েছিল?

(ঙ) ‘হাতে খড়ি’ কী?

(চ) এক মারোয়ারি যাত্রী কীভাবে এক ট্রেনের ভেতর প্রবেশ করেছিল?

(ছ) অন্ধকারে জেগে উঠে কবি কী দেখেছেন?

(জ) রথের চাকা চলতে চলতে থেমে যাবার পরে আবার কীভাবে চলতে শুরু করে?

৪। কমবেশি পাঁচটি বাক্যে *যেকোনো দুইটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) তর্করত্ন কোন পূজা সেরে ফিরছিলেন? সেই সময় প্রকৃতির অবস্থা কেমন ছিল?

(খ) ‘কী আমাদের জাত’ কবিতাটির কবির নাম কী? হাপর কাকে বলে? কীসের সঙ্গে তার তুলনা করা হয়েছে?

(গ) পূর্তি মুণ্ডা কীভাবে ধরা পরে জেলে যায়?

৫। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×১=১০

(ক) পাঁচ ছেলের পর রামসুন্দরের যে মেয়ে হয় তার নাম কী রাখা হয়? তার বিয়ে স্থির হয় কার সঙ্গে এবং কী শর্তে? বিয়ের দিন কী সমস্যার সৃষ্টি হল? গল্পটিতে কোন সামাজিক সমস্যার কথা তুলে ধরা হয়েছে?

(খ) বিদ্যাসাগরের শৈশব জীবনের পরিচয় দাও।

## বিভাগ-'খ'

৬। *যেকোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩×৫=১৫

(ক) নীচের শব্দগুলির চলিত রূপ লেখো (*যেকোনো তিনটি*) ঃ ১×৩=৩

ইহাকে, করিতেছ, পড়িয়া, কাষ্ঠ, পুনঃ পুনঃ।

(খ) তিনটি তৎসম শব্দের নাম লেখো। ১×৩=৩

(গ) নীচের বিশেষণ ঠিক জায়গায় বসিয়ে বাক্যগুলো আবার লেখো (*যেকোনো তিনটি*) ঃ ১×৩=৩

(১) ———— সাইজের পর্দা।

(২) লেখা হয়ে যাচ্ছে ———— শব্দ।

(৩) শুধু ———— একটি বোতাম টিপতে হবে।

(৪) বিজ্ঞানের কী ———— আবিষ্কার।

(রঙিন, একটি, চমৎকার, মাঝারি, আশ্চর্য, শতশত, অন্য)

(ঘ) পদ পরিবর্তন করো (*যেকোনো তিনটি*) ঃ ১×৩=৩

বিশাল, দীর্ঘ, তীব্র, জটিল, বিষম

(ঙ) বিপরীত শব্দ লেখো (*যেকোনো তিনটি*) ঃ ১×৩=৩

খ্যাতি, অগ্র, অর্থ, অবাধ, আপন।

(চ) নীচের বাগ্‌ধারাগুলি দিয়ে অর্থসহ বাক্য রচনা করো (*যে কোনো তিনটি*) ঃ ১×৩=৩

আষাঢ়ে গল্প, উড়ো কথা, উত্তম-মধ্যম, কড়ায়-গণ্ডায়, ডুমুরের ফুল

(ছ) শব্দ বিস্তার করো (*যেকোনো তিনটি*) ঃ ১×৩=৩

দিগন্ত, প্রাতরাশ, প্রলেপ, বহুরূপী, বক্তব্য

(জ) চলিত বাংলায় রূপান্তর করো (*যেকোনো তিনটি*) ঃ ১×৩=৩

এই পরিবারের মধ্যে অবাঞ্ছিত হইয়া, পরের বাটীতে আছি বলিয়া একটি দিনের জন্য আমার মনে হইত না।

## বিভাগ-'গ'

৭। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ ৩×৫=১৫

(ক) প্রতিটি শব্দের দুটি করে সমার্থক শব্দ লেখো ঃ ১×৫=৫

আকাশ, সূর্য, পৃথিবী, নদী, মেয়ে, রাত্রি, উঠান

(খ) নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন করো (*যেকোনো পাঁচটি*) ঃ ১×৫=৫

(১) তুমি দৌড়াচ্ছ। (ভাববাচ্য)

(২) সকলে আসিয়া কাঁদিয়া পড়িল। (যৌগিক বাক্য)

(৩) ডাক্তার দেখাচ্ছ। (প্রশ্নবোধক বাক্য)

(৪) কেউ কেউ তার সুযোগ পায় না। (হ্যাঁ বাচক বাক্য)

(৫) দুঃখ অন্তহীন। (না বাচক বাক্য)

(৬) আমি বাবাকে চিঠি লিখেছি। (কর্মবাচ্য)

(গ) এককথায় প্রকাশ করো (*যেকোনো পাঁচটি*) ঃ ১×৫=৫

(১) যে আগে জন্মেছে।

(২) যে সইতে পারে না।

(৩) যে বিদেশে থাকে।

(৪) অনুসন্ধান করিবার ইচ্ছা।

(৫) আদর করার যোগ্য।

(৬) ঋষির দ্বারা উক্ত।

৮। *যেকোনো একটি* বিষয় নিয়ে রচনা লেখো ঃ ১০×১=১০

(ক) মেলা — (ভূমিকা - মেলার উপকারিতা - বর্ণনা - উপসংহার)

(খ) তোমার প্রিয় দেশনেতা

(গ) শরৎ কাল — (ভূমিকা - সময় - সুবিধা- অসুবিধা - উপসংহার)

৯। ভাবসম্প্রসারণ করো (*যেকোনো একটি*) ঃ ৫×১=৫

(ক) সবার উপরে মানুষ সত্য
তাহার উপরে নাই।

(খ) কে লইবে কার্য মোর কহে সন্ধ্যারবি।
শুনিয়া জগৎ রহে নিরুত্তর ছবি।
মাটির প্রদীপ ছিল, সে কহিল স্বামী,
আমার যেটুকু সাধ্য করিব তা আমি।

১০। উদ্ধৃত অংশটির সারাংশ লেখো ঃ ৫

দেশ সম্বন্ধে একটা কথা খুব স্পষ্ট করে বুঝতে হবে— দেশটা কেবল মাটি দিয়ে গড়া নয়, মানুষ দিয়েও গড়া। দেশকে ভালবাসতে হলে সর্বাগ্রে দেশের মানুষকে ভালবাসতে হবে। ভারতবর্ষ আকারে কত বড় তা তো আমাদের জানা আছে। জনসংখ্যার দিক থেকে ভারতবর্ষ পৃথিবীর বৃহত্তম দেশগুলির অন্যতম।

*অথবা,*

বঙ্গানুবাদ করো ঃ ৫

Socrates lives in Athens, nearly 500 years before the birth of Christ. He was not born rich and indeed all his life he was poor, he never asked his pupils to pay for what he taught them.